

# যুগান্তর

দাবি পূরণের আশ্বাস

## বাকুবিতে শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত

প্রকাশ : ১২ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বাকুবি প্রতিনিধি

অ্যাম্বুলেন্স সংখ্যা বাড়ানো, স্বাস্থ্যকেন্দ্রের মানোন্নয়ন, পরীক্ষা পেছানোকে কেন্দ্র করে ডিন অফিসে বিশৃঙ্খলাকারীদের শাস্তি প্রত্যাহারসহ নয় দফা দাবিতে আন্দোলন করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা। সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভিসির বাসভবনের সামনে আন্দোলন করেন ওই শিক্ষার্থীরা। পরে ভিসি অধ্যাপক ড. লুৎফুল হাসান যৌক্তিক দাবিগুলো মেনে নেয়ার আশ্বাস দিলে তৎক্ষণাৎ নতুন দাবি হিসেবে ভেটেরিনারি অনুষদের ডিনের পদত্যাগ দাবি করেন আন্দোলনকারীরা। এদিকে প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাসের কারণ উল্লেখ করে এক বিজ্ঞপ্তিতে কয়েকটি লেভেলের পরীক্ষা সোম ও মঙ্গলবারের ফাইনাল পরীক্ষা স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। জানা গেছে, শুক্রবার রাত ৯টার দিকে ভেটেরিনারি অনুষদের দ্বিতীয় বর্ষের ছাত্রী ও মালয়েশিয়ার নাগরিক হারানি জানাকি রামান অসুস্থ হয়ে পড়েন। তাকে হাসপাতালে নিতে বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্যকেন্দ্রের অ্যাম্বুলেন্সের জন্য ফোন করলে সেটি পাওয়া যায়নি। রামানের সহপাঠীরা অটোরিকশায় করে তাকে ময়মনসিংহ মেডিকেল নিয়ে যান। চিকিৎসাধীন অবস্থায় রাত ১টা ১৫ মিনিটে রামান মারা যান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।